তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# জবির 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

**জবি প্রতিনিধি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণীর 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ১২০টি আসনের (সঙ্গীত বিভাগ-৪০ , চারুকলা বিভাগ-৪০ এবং নাট্যকলা বিভাগ-৪০) বিপরীতে ২ হাজার ২৭ জন অর্থাৎ প্রতি আসনের বিপরীতে প্রায় ১৭ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছে। শুক্রবার 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা ক্যাম্পাসসহ রাজধানীর ১৫টি কেন্দ্রে অনুষ্ঠিত হয়। এক কেন্দ্রের পরীক্ষার্থী অন্য কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না, দিলে তার উত্তরপত্র বাতিল করা হবে। পরীক্ষার্থীকে প্রিন্টকৃত প্রবেশপত্রের দুই কপি অবশ্যই সঙ্গে আনতে হবে। 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফলফিল '৩-৪ দিনের মধ্যে প্রকাশ করা হবে। 'বি' ইউনিটের ফলাফল জানতে ও 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষার আসনবিন্যাস জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও Website (www.admission.jnu.ac.bd)-এ পাওয়া যাবে।